ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৩৪৫

শান্তিরবাজার, ২১ জুন, ২০২৫

**বকাফা বাজারে প্রশাসনিক ও জনসচেতনতা শিবির অনুষ্ঠিত**

বকাফা ব্লকের বকাফা বাজারে আজ ধরতি আবা জনভাগিদারী অভিযানের অঙ্গ হিসাবে এক দিনের প্রশাসনিক ও জনসচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে শান্তিরবাজার মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৫৭টি পিআরটিসি, ৬৯টি এসটি, ১০টি ইনকাম এবং ১৮টি ম্যারেজ সার্টিফিকেটের আবেদনপত্র জমা নেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ৭০ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ১৯৮টি গবাদি পশুর চিকিৎসা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। ৪৬৮টি হাঁস-মোরগের জন্য বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ৩০টি পরিবারের মধ্যে বর্ষাকালীন সব্জির বীজ বিনামূল্যে দেওয়া হয়। মৎস্য দপ্তর থেকে বগাফা উচ্চ বিদ্যালয়ে একটি অ্যাকুরিয়াম দেওয়া হয় এবং ১৫টি মৎস্য বীমার আবেদনপত্র জমা নেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে আয়ুষ্মান কার্ড দেওয়া হয় ১৬টি। বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকগণ শিবিরে নানা পরিষেবা প্রদান করেন।

******